

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৫০৭

তারিখঃ ২৫ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ  
১১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে সরকার প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.০০১.৯৯.০০১.২০.৪৪, তারিখঃ ২৪ মার্চ ২০২০ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে মন্ত্রিপরিষদ বিভাগ ২৪.৩০.২০২০ তারিখ প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেনঃ

“এই ছুটি/বন্ধ সরকারি-বেসরকারি অফিস আদালতের জন্য প্রযোজ্য। স্বাস্থ্য-সেবা, সংবাদপত্রসহ অন্যান্য জরুরি কার্যাবলীর ক্ষেত্রে এই নির্দেশনা প্রযোজ্য নয়”


০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের উল্লিখিত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের সকল অনুবিভাগ প্রধান/অধিশাখা প্রধানদের নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৩। বিগত ২৪/০৩/২০২০ তারিখের ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৪৯৪ নং আদেশটি এতদ্বারা বাতিল করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

  
(খন্দকার জাকির হোসেন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
[admin1@hsd.gov.bd](mailto:admin1@hsd.gov.bd)

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৬. উপসচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ইডেন ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম উপবিভাগ-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১. সিস্টেম এনালিস্ট (কম্পিউটার সেল) (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ)।
১২. ভারপ্রাপ্তকর্মকর্তা (গেইট নং-১/২), বাংলাদেশসচিবালয়, ঢাকা।
১৩. লাইব্রেরিয়ান/হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৪. ১০ম হতে ২০তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারী (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৫. কেয়ার টেকার-১/কেয়ার টেকার-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. লিফটম্যান, ভবন নং-২, ৩ ও ৯ নং ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(খন্দকার জাকির হোসেন)  
উপসচিব


স্মারক নম্বর ০৪.০০.০০০০.০০১.৯৯.০০১.২০.৪৪

তারিখঃ ১০ চৈত্র ১৪২৬  
২৪ মার্চ ২০২০

## প্রেস বিজ্ঞপ্তি

গত ২৩ মার্চ ২০২০ তারিখে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে সরকার প্রদত্ত নির্দেশনা অনুসরণে জানানো যাচ্ছে যে:

১. এই ছুটি/বন্ধ সরকারি-বেসরকারি অফিস আদালতের জন্য প্রযোজ্য। স্বাস্থ্য-সেবা, সংবাদপত্রসহ অন্যান্য জরুরি কার্যাবলীর ক্ষেত্রে এই নির্দেশনা প্রযোজ্য নয়।
২. সরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এই ছুটি/বন্ধকালীন সময়ে অবশ্যই নিজ-নিজ কর্মস্থলে অবস্থান করবেন।
৩. এই বন্ধ ঘোষণা করা হয়েছে জনগণকে ব্যাপকহারে পারস্পরিক মেলা-মেশা বা সংস্পর্শে এসে রোগ বিস্তার করা থেকে বিরত রাখার জন্য। সে কারণে সর্বসাধারণকে এই সময়ে বাইরে যাওয়া বা ভ্রমণ করা থেকে বিরত থাকতে আহ্বান জানানো হচ্ছে।
৪. ঔষধ/খাদ্য প্রস্তুত, ক্রয়-বিক্রয়সহ অন্যান্য শিল্প কারখানা/প্রতিষ্ঠান/বাজার/দোকানপাট নিজস্ব ব্যবস্থাপনায় চলবে।
৫. গণপরিবহন ব্যতীত অন্যান্য জরুরি পরিবহন যেমন-ট্রাক, কার্গো, এ্যাম্বুলেন্স ও সংবাদপত্রবাহী গাড়ী ইত্যাদি যথারীতি চলবে।

  
মন্ত্রিপরিষদ সচিব